

কবলা দলিল রেজিস্ট্রি খরচ

জমি, ফ্লোট বা প্লট ইত্যাদি ক্রয়-বিক্রয়ের দলিলকে সাফ কবালা বা বিক্রয় দলিল বলে।

১। **রেজিস্ট্রেশন ফি:** হস্তান্তরিত সম্পত্তির দলিলে লিখিত মোট মূল্যের ১% টাকা।

দলিলের মূল্য ২৪,০০০ টাকা বা তার কম হলে নগদ অর্থে এবং ২৪,০০০ টাকার বেশি হলে পে-অর্ডারের মাধ্যমে স্থানীয় সোনালী ব্যাংক লিঃ এ, কোড নং ১৪২২২০১ তে জমা করতে হবে (পুরাতন কোড ১৮২৬)।

২। **স্টাম্প শুল্ক:** হস্তান্তরিত সম্পত্তির দলিলে লিখিত মোট মূল্যের ১.৫% টাকা।

দলিলে সর্বোচ্চ ১২০০ টাকার নন-জুডিসিয়াল স্টাম্প ব্যবহার করা াবে। স্টাম্প খাতের বাকি অর্থ পে-অর্ডারের মাধ্যমে স্থানীয় সোনালী ব্যাংক লিঃ এ কোড নং ১১৬২১০২ তে জমা করতে হবে।

৩। **স্থানীয় সরকার কর:** সম্পত্তির দলিলে লিখিত মোট মূল্যের ৩% টাকা।

স্থানীয় সোনালী ব্যাংক লিমিটেড এ সংশ্লিষ্ট দপ্তরের হিসাব নম্বরে পে-অর্ডারের মাধ্যমে জমা করতে হবে।

৪। **উৎস কর (53H):**

ক) জেলা সদরের পৌরসভা ব্যতীত অন্যান্য পৌরসভার ক্ষেত্রে দলিল মূল্যের উপর ২% টাকা।

খ) অন্যান্য এলাকার জন্য দলিল মূল্যের উপর ১% টাকা।

৫। অন্যান্য ফিসসমূহঃ

ক) ২০০ টাকার স্টাম্প হলফনামা।

খ) ই ফিঃ- ১০০ টাকা।

গ) এন ফিঃ-

(i) বাংলায় প্রতি ৩০০ (তিন শত) শব্দ বিশিষ্ট এক পৃষ্ঠা বা উহার অংশ বিশেষের জন্য ১৬ টাকা।

(ii) ইংরেজি ভাষায় প্রতি ৩০০ (তিন শত) শব্দ বিশিষ্ট এক পৃষ্ঠা বা উহার অংশ বিশেষের জন্য ২৪ টাকা।

ঘ) এনএন ফি (নকলনবিশগনের পারিশ্রমিক) -

(i) বাংলায় প্রতি ৩০০ (তিনশত) শব্দ বিশিষ্ট এক পৃষ্ঠা বা উহার অংশ বিশেষের জন্য ২৪ টাকা।

(ii) ইংরেজি ভাষায় প্রতি ৩০০ (তিনশত) শব্দ বিশিষ্ট এক পৃষ্ঠা বা উহার অংশ বিশেষের জন্য ৩৬ টাকা।

ঙ) সম্পত্তি হস্তান্তর নোটিশের আবেদনপত্রে ১০ টাকা মূল্যের কোর্ট ফি।

মন্তব্যঃ-

১। এন ফি ও ই ফি, রেজিস্ট্রেশন ফি এর সাথে পে-অর্ডারের মাধ্যমে কোড নং ১৪২২২০১ তে জমা করতে হবে।

২। এনএন ফি নগদে রেজিস্ট্রি অফিসে জমা করতে হবে।

ব্যবহারকারীদের সুবিধার্থে নিম্নে দুটি উদাহরণ দেয়া হলোঃ

উদাহরণ- ০১

ধরা যাক, শ্যামনগর, বাদঘাটা, মৌজায় ১০ শতক জমি বিক্রয় হবে যার মূল্য ৩০০০০০ টাকা।

উক্ত জমি রেজিস্ট্রি খরচ হবে নিম্নরূপঃ

১। রেজিস্ট্রেশন ফিঃ ৩,০০,০০০ এর ১% = ৩,০০০ টাকা।

২। স্ট্যাম্প শুল্কঃ ৩,০০,০০০ এর ১.৫% = ৪,৫০০ টাকা।

৩। স্থানীয় সরকার করঃ ৩,০০,০০০ এর ৩% = ৯,০০০ টাকা।

৪। উৎসে করঃ ৩,০০,০০০ এর ১% = ৩,০০০ টাকা।

৫। ক) হলফনামা স্ট্যাম্পঃ ২০০ টাকা। খ) ই ফিঃ ১০০ টাকা। গ) এন ফিঃ ১৬০ টাকা। ঘ) এনএন ফিঃ ২৪০ টাকা। ঙ) কোর্ট ফিঃ ১০ টাকা।

উদাহরণ- ০২

ধরা যাক, শ্যামনগর, বাদঘাটা, মৌজায় ১০ শতক জমি বিক্রয় হবে যার মূল্য ৯০০০০০ টাকা।

উক্ত জমি রেজিস্ট্রি খরচ হবে নিম্নরূপঃ

১। রেজিস্ট্রেশন ফিঃ ৯,০০,০০০ এর ১% = ৯,০০০ টাকা।

২। স্ট্যাম্প শুল্কঃ ৯,০০,০০০ এর ১.৫% = ১৩,৫০০ টাকা।

৩। স্থানীয় সরকার করঃ ৯,০০,০০০ এর ৩% = ২৭,০০০ টাকা।

৪। উৎসে করঃ ৯,০০,০০০ এর ১% = ৯,০০০ টাকা।

৫। ক) হলফনামা স্ট্যাম্পঃ ২০০ টাকা। খ) ই ফিঃ ১০০ টাকা। গ) এন ফিঃ ১৬০ টাকা। ঘ) এনএন ফিঃ ২৪০ টাকা। ঙ) কোর্ট ফিঃ ১০ টাকা।